

স্মারক নং-৩১.৪৩.৬৪৬০.০০৩.০২.০০৭.২৫- ২৬৮৩

তারিখ- ১১/০৮/২০২৫ খ্রি.

ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ সদর উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত ভিপি (অর্পিত) পুকুর বাংলা ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। উল্লিখিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ইচ্ছুক/আগ্রহী ডাককারীকে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. নিলাম ডাকে অংশ গ্রহণের পূর্বে নিলামযোগ্য পুকুর সরেজমিনে দেখে নিতে হবে।
২. নিলাম ডাকে অংশ গ্রহণকারীকে সকাল ৯.৩০ টার মধ্যে পুকুরের জন্য নগদ সরকারি মূল্যের উপর ২৫% টাকা জামানত হিসেবে জমা দিয়ে নাম তালিকাভুক্ত করতে হবে।
৩. সর্বোচ্চ ডাককারীকে ডাক শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সমুদয় অর্থ জমা দিতে হবে। সমুদয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
৪. সর্বোচ্চ ডাককারীকে ডাক মূল্যের উপর ১৫% হারে ড্যাট এবং ১০% হারে আয়কর জমা দিতে হবে।
৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক ডাক চূড়ান্ত অনুমোদনের পর ডিসিআর প্রদান করা হবে। ডিসিআর প্রদান করার পর পুকুরের দখল হস্তান্তর করা হবে।
৬. ডাক গ্রহণ/বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ রাখেন।
৭. অন্যান্য শর্তাবলী ইজারা বিধি মোতাবেক কার্যকর হবে।

তফসিল

ক্রমিক নং	ভিপি কেস নং	মোজা/জেএল নং	খতিয়ান নং	দাগ নং	পরিমাণ (একর)	সম্ভাব্য মূল্য	নিলাম ডাকের তারিখ	সময়	মন্তব্য
০১	৩৩৯/৭৭	নওগাঁ/১৪৪	৭৩৬	১০৬৭	১.১১ একর	১,৪০,০০০/-	২৭/০৮/২০২৫ খ্রি.	সকাল ১১.০০ ঘটিকা	


খান সালমান হাবীব
সহকারী কমিশনার (ভূমি)
নওগাঁ সদর, নওগাঁ।

ই-মেইল: aclnaogaonsadar@gmail.com।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জেলা প্রশাসক, নওগাঁ।
২. পুলিশ সুপার, নওগাঁ।
৩. প্রশাসক, নওগাঁ পৌরসভা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
৭. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
৮. উপজেলা কৃষি অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
৯. উপজেলা সমবায় অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
১০. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, নওগাঁ।
১১. চেয়ারম্যান/প্রশাসক, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নওগাঁ পৌরসভা-চন্ডিপুর ইউনিয়ন ভূমি অফিস, নওগাঁ সদর, নওগাঁ। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে এ নিলাম বিজ্ঞপ্তি স্থানীয় জনসাধারণের অবগতির জন্য ঢোল শহরতসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক ধার্য তারিখের পূর্বে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।